

সকলি ফুরাল, স্বপনপ্রায়,
কোথা সে লুকাল, কোথা সে হয় !
কুসুমকানন হয়েছে ম্লান,
পাখীরা কেন রে গাহে না গান,
ও ! সব হেরি শূন্যময়,
কোথা সে হয় !
কাহার তরে আর ফুটিবে ফুল,
মাধবী মালতী কেঁদে আকুল,
সেই যে আসিত তুলিতে জল,
সেই যে আসিত পাড়িতে ফল,
ও ! সে আর আসিবে না,
কোথা সে হয় !

Parjaay: Kaal-Mrigaya, Taal: Ektaal, Raag: Jhijhit Khambaj
Visit www.geetabitan.com for notation and other detail